রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১২, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

## প্রজ্ঞাপন

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২২৪-আইন/আয়কর/২০১৮।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, "সূচনা ফাউন্ডেশন" এর স্থায়ী ও সঞ্চয়ী ব্যাংক আমানতের উপর প্রাপ্ত সুদ, কনসালটেন্সি ফি এবং গবেষণা ফি বাবদ প্রাপ্ত আয়সহ সকল প্রকার আয়ের উপর উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা :—

**শর্তসমূহ:**

(ক) এই প্রজ্ঞাপনের সহিত সংশ্লিষ্ট সমুদয় আয় "সূচনা ফাউন্ডেশন" এর নামে গ্রহণ ও হিসাবভুক্ত করিতে হইবে এবং তাহা দেশে অটিজম, নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার বা মানসিক প্রতিবন্ধীদের স্বাস্থ্যসেবা ও কল্যাণার্থে ব্যবহার করিতে হইবে; এবং

(খ) উক্ত ফাউন্ডেশনকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ণ দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া**, এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০